# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং- ৮৬ তারিখ: ১৯/০৪/২০২২ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের ডিগ্রি (পাস) ৩য় বর্ষ নিয়মিত,অনিয়মিত,প্রাইভেট, অকৃতকার্য, মানোন্নয়ন ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেয়া হলো। ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| কোর্সের নাম | পরীক্ষার ফিসের বিবরণ | টাকা | সেশন ফি টাকা | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|
| বিএ/বিএসএস/ বিবিএস(পাস) | নিয়মিত (ব্যবহারিক ছাড়া) | ১৯০০/- | ২০৬২ | ৩৯৬২ |
| | নিয়মিত (ব্যবহারিক ভূগোলসহ) | ২১৫০/- | ২১৮২ | ৪৩৩২ |
| বি এসসি (পাস) | নিয়মিত | ২৬৫০/- | ২১৮২ | ৪৮৩২ |
| বিএ/বিএসএস/ বিবিএস(পাস) | প্রাইভেট (সকলপত্র) | ২১০০/- | অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ:<br>২১/০৪/২০২২ তারিখ হতে ০৮/০৫/২০২২ তারিখ পর্যন্ত।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সেশন ফি ও পরীক্ষার ফি প্রদানের তারিখ:<br>০৯/০৫/২০২২ তারিখ হতে ১৭/০৫/২০২২ তারিখ পর্যন্ত। | |
| | সার্টিফিকেট কোর্স | ১৩০০/- | | |
| | মানোন্নয়ন/অকৃতকার্য ০১ পত্র | ৯০০/- | | |
| | মানোন্নয়ন/ অকৃতকার্য ০২ পত্র | ১০০০/- | | |
| | মানোন্নয়ন/ অকৃতকার্য ০৩ পত্র | ১১০০/- | | |
| | মানোন্নয়ন/অকৃতকার্য ০৪ পত্র | ১২০০/- | | |
| | মানোন্নয়ন/অকৃতকার্য ০৫ পত্র | ১৩০০/- | | |

১। ফরমপূরণের নিয়মাবলী : ২০২০ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.nubd.info/degree-pass**) এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ২১/০৪/২০২২ তারিখ হতে ০৮/০৫/২০২২ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডের গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। উল্লেখ্য যে, অর্থনীতি বিষয়ের ক্ষেত্রে পত্র কোড ১৩২২০৩ এবং ইসলামিক স্টাডিজ বিষয়ের ক্ষেত্রে পত্র কোড ১৩১৮০৩-এ ফরমপূরণ করতে হবে।

২। ফি জমাদানের নিয়মাবলী : নিয়মিত ও অনিয়মিত সকল বিষয়ের পরীক্ষার্থী এবং ২০১৯ সালের ডিগ্রি পাস -৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা **Not Promoted** হয়ে ২০২০ সালের পরীক্ষায় আংশিক বিষয়ে অংশগ্রহণ করবে এবং যারা মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা বিকাশ অথবা নগদ অ্যাপস্-এ প্রবেশ করে পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে **Month- May 22 Select** করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০৯/০৫/২০২২ তারিখ হতে ১৭/০৫/২০২২ তারিখের মধ্যে **Payment** সম্পন্ন করে পরীক্ষার আবেদন ফরম ও ফি জমাদানের রশিদ কলেজ অফিসে জমা দিয়ে **Student's Copy** সংগ্রহ করতে হবে। বর্ণিত তারিখের পর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদান করা হলে তা গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের **Student's Copy** ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: **(i)** নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৯ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**(ii)** উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**(iii)** এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: **(i)** ২০১৪-২০১৫,২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫,২০১৬ ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষাথী যারা ২০১৬,২০১৭,২০১৮ ও ২০১৯ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (**Promoted**) হয়েছে কিন্তু ২০১৭,২০১৮ ও ২০১৯ সালের ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

**(ii)** উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**(iii)** ২০১৪-২০১৫,২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫,২০১৬ ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষাথী যারা ২০১৬,২০১৭ ও ২০১৮ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোনো কোর্সে/পত্রে Fগ্রেড পেয়েছে তারা Fগ্রেড প্রাপ্ত কোর্সে/ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(গ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: ২০১৯ সালের ডিগ্রি (পাস) সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে।

(ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা: ২০১৫,২০১৬,২০১৭ ও ২০১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

সিলেবাস : ২০২০ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-৩য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।